রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, রাজশাহী
কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোন ঃ ০৭২১-৮৬২৪৪৫
ফ্যাক্স ঃ ০৭২১-৮৬২৪৪৫
ই-মেইল-dgmpd@rakub.org.bd

সার্কুলার লেটার নং-প্রকা/কব্যবি-০৫/২০১৬ তারিখ ঃ ০৭-০৬-২০১৬

বিষয় ঃ "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০১৩" এর আংশিক সংশোধন প্রসংগে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, প্রধান কার্যালয়, রাজশাহী এর ২৭-০৫-২০১৩ তারিখের সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৪/২০১৩ মারফত কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০১৩ জারি করা হয়। উক্ত নীতিমালা এর ক্রমিক নং-০৬ এর আংশিক সংশোধন বিষয়ে একটি সার সংক্ষেপ পরিচালনা পর্ষদের ০৭-০৫-২০১৬ তারিখে অনুষ্ঠিত ৪৪১ তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ

০২। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্মচারী কল্যাণ তহবিল নীতিমালা-২০১৩ এর ক্রমিক নং-০৬ নিম্নোক্তভাবে সংশোধনের

কল্যাণ তহবিল হতে কর্মচারীদেরকে প্রদেয় সুবিধাদি-

(১) **সন্তানদের জন্য প্রদেয় শিক্ষাবৃত্তি** - ব্যাংকে কর্মরত কর্মচারীদের মেধাবী সন্তানদের মেধার বিকাশ ও পড়ালেখার উৎসাহ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত মানদন্ডে বিশেষ শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। প্রতি চূড়ান্ত পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পাবলিক পরীক্ষা পাশের পর মানদন্ড অনুযায়ী এককালীন বিশেষ বৃত্তি প্রদান করা হবে। তবে, প্রতি শ্রেণী/বর্ষের জন্য প্রতিবছর বছরওয়ারী শিক্ষাবৃত্তি প্রদান করা হবেনা। উল্লেখ্য, পাবলিক পরীক্ষা পাশের পর ইতোমধ্যে যাদের প্রথমবার শিক্ষাবৃত্তির টাকা প্রদান করা হয়েছে তাদের পরবর্তী শ্রেণী/বর্ষের জন্য আর কোন শিক্ষাবৃত্তি বিবেচনা করা হবে না। জাতীয় পে-স্কেল অনুযায়ী বেতনের সাথে মাসিক শিক্ষাভাতা প্রদান ও পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কর্মী ব্যবস্থাপনা বিভাগ হতে জি.পি.এ-৫.০০ প্রাপ্তদেরকে প্রদত্ত পুরস্কার এ সুবিধা প্রাপ্তিতে অন্তরায় হবে না।

ক্র নং	পরীক্ষা	বিভাগ	জিপিএ	প্রদানযোগ্য বৃত্তির টাকার পরিমান	মন্তব্য
(ক)	প্রাথমিক স্কুল সার্টিফিকেট/সমমান	-	৫.০০	৩০০০/-	এককালীন
			৫.০০ এর কম কিন্তু ৪.৫০ এর নীচে নয়	২০০০/-	
(খ)	জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমান	-	৫.০০	৪০০০/-	এককালীন
			৫.০০ এর কম কিন্তু ৪.৫০ এর নীচে নয়	২৫০০/-	
(গ)	মাধ্যমিক/সমমান	বিজ্ঞান/ব্যবসায়িক শিক্ষা/মানবিক	৫.০০	৫০০০/-	এককালীন
			৫.০০ এর কম কিন্তু ৪.৫০ এর নীচে নয়	৩০০০/-	
(ঘ)	উচ্চ মাধ্যমিক/সমমান	বিজ্ঞান/ব্যবসায়িক শিক্ষা/মানবিক	৫.০০	৫০০০/-	এককালীন
			৫.০০ এর কম কিন্তু ৪.৫০ এর নীচে নয়	৩০০০/-	

(২) **এককালীন অনুদান**- কোন কর্মকর্তা/কর্মচারী অত্র সার্কুলার লেটার জারির তারিখ হতে পূর্ণ অবসরপ্রাপ্ত হলে অথবা চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে ক্ষেত্রমতে তাঁকে কিংবা তাঁর মনোনীত ব্যক্তিকে এ তহবিল হতে এককালীন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে। তবে ফেব্রুয়ারি, ২০০৪ হতে ২৬ মে,২০১৩ তারিখ পর্যন্ত ১৫০০০/- (পনের হাজার) টাকা এবং ২৭ মে, ২০১৩ হতে অত্র সার্কুলার লেটার জারির পূর্ব পর্যন্ত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীকে এবং মৃত্যুবরণকারী কর্মকর্তা-কর্মচারীর পরিবারকে এককালীন অনুদান প্রদেয় হবে। এ অনুদান একজনকে একবারের বেশি প্রদান করা যাবে না। মৃত্যুর ক্ষেত্রে মনোনয়ন না থাকলে প্রযোজ্যক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ৭(৩)- এ বর্ণিত উপায়ে এ অনুদান প্রদান করা হবে (শিক্ষাবৃত্তি গ্রহণ এ সুবিধা প্রাপ্তিতে অন্তরায় হবে না) । তবে, রাকাব কর্মচারী কল্যাণ তহবিল হতে ইতঃপূর্বে যারা ০২ (দুই) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ বা যেকোন পরিমাণ অর্থ এককালীন অনুদান হিসেবে গ্রহণ করেছেন তারা এ সুবিধার আওতাভুক্ত হবেন না।

(৩) **মাসিক অনুদান-** চাকুরীরত অবস্থায় অথবা অবসর গ্রহণের পর কোন কর্মচারীর মৃত্যু হলে মৃত কর্মচারীর মনোনীত ব্যক্তি এককালীন অনুদান ছাড়াও ২৭ মে, ২০১৩ হতে সার্কুলার লেটার জারির পূর্ব পর্যন্ত মাসিক ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং সার্কুলার লেটার জারির তারিখ হতে মাসিক ২০০০/- (দুই হাজার) টাকা হারে অনুদান সর্বোচ্চ ১৫ (পনের) বছর বা মৃত কর্মচারীর ৬৯তম জন্মবার্ষিকী পর্যন্ত (যা আগে আসবে) প্রাপ্ত হবেন। মৃত্যুর ক্ষেত্রে মনোনয়ন না থাকলে প্রযোজ্যক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ৭(৩)-এ বর্ণিত উপায়ে এ অনুদান প্রদান করা হবে।

৩। **প্রাথমিক স্কুল সার্টিফিকেট/সমমান, জুনিয়র স্কুল সার্টিফিকেট/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাশের পর প্রমাণক হিসাবে শিক্ষা বোর্ড/ উপযুক্ত কর্তৃপক্ষের** Academic Transcript সহ শিক্ষা বৃত্তির নির্ধারিত ফরমে আবেদন দাখিল সাপেক্ষে এককালীন বর্ণিত শিক্ষাবৃত্তির টাকা প্রদান করা যাবে।

৪। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

০৭/০৬/১৬

(মোঃ নূরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৬৭/২০১৫-২০১৬/৩৭৯৬(৪৪৬) তারিখ ঃ ০৭-০৬-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২ স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩ স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪ মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫ সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলার লেটারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬ অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
৭ বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮ সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৯ উপ-মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১০ প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
১১ সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১২ ব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা।
১৩ সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪ উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
১৫ সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৬ অফিস নথি।

৭/৬/১৬
(মোঃ মোয়াজ্জেম হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক